# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৬০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য এটা বৈধ রয়েছে যে, তিনি মসজিদের নির্দিষ্ট কোন জায়গায় সালাত আদায় করার ব্যাপারে প্রয়াসী হবেন এবং অধিকাংশ সালাত সেখানেই আদায় করবেন

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يَتَحَرَّى مَوْضِعًا مِنَ الْمَسْجِدِ بِعَيْنِهِ فَيُجْعَلُ أَكْثَرَ صَلَاتِهِ فِيهِ

---

আরবী

1760 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ وَابْنُ خُزَيْمَةَ قَالَا: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ قَالَ: حَدَّثَنَا مُغِيرَةُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْحِزَامِيُّ قَالَ: حَدَّثَنِي يَزِيدُ بْنُ أَبِي عُبَيْدٍ أَنَّهُ كَانَ يَأْتِي مَعَ سَلَمَةَ بْنِ الْأَكْوَعِ إِلَى سُبْحَةِ الضُّحَى فَيَعْمِدُ إِلَى الْأُسْطُوَانَةِ دُونَ الْمُصْحَفِ فَيُصَلِّي قَرِيبًا مِنْهَا فَأَقُولُ: لَهُ أَلَا تُصَلِّي هَا هُنَا؟ وَأُشِيرُ لَهُ إِلَى بَعْضِ نَوَاحِي الْمَسْجِدِ فَيَقُولُ: إِنِّي رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يتحرى هذا المقام.
الراوي : يَزِيدُ بْنُ أَبِي عُبَيْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1760 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح سنن ابن ماجه)) (1430)

বাংলা

১৭৬০. ইয়াযিদ বিন আবূ উবাইদ, সালামা বিন আকওয়া রাদ্বিয়াল্লাহু আনহুর সাথে চাশতের সালাত আদায় করার জন্য আসতেন। সালামা বিন আকওয়া রাদ্বিয়াল্লাহু আনহু মুসহাফ (রাখার জায়গার) নিকটবর্তী খুটির[1] দিকে উদ্যত হতেন এবং সেখানে সালাত আদায় করতেন। আমি তাকে মাসজিদের এক প্রান্তের দিকে ইঙ্গিত করে বলি, “আপনি কি এখানে সালাত আদায় করবেন না?” তিনি জবাবে বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি, তিনি এই জায়গা খুঁজে নিতে প্রয়াসী হতেন।” [2]

ফুটনোট

[1]এটিকে উসতুয়াতুল মুখল্লাকাহ বা সুগন্ধিযুক্ত খুটি বলা হয়। কারণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম

একবার এখানে কফ দেখতে পেয়ে তাঁর চেহারা বিবর্ণ হয়ে গিয়েছিল, অতঃপর একজন সাহাবী তা অপসারণ করে সেখানে সুগন্ধি লাগিয়ে দেন। এতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খুশি হয়ে যান। এজন্য এটিকে উসতুয়াতুল মুখল্লাকাহ বা সুগন্ধিযুক্ত খুটি বলা হয়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং পরবর্তীতে সাহাবীগণ এই খুটিকে সামনে রেখে নফল আদায় করা পছন্দ করতেন। এটি বর্তমানে মিম্বারের ডান পাশের খুটি হিসেবে বহাল রয়েছে, যা মিম্বার থেকে সামান্য সামনে বর্ধিত রয়েছে। -অনুবাদক

[2] ইবনু মাজাহ: ১৪৩০; মুসনাদ আহমাদ: ৪৮, ৫৪; সহীহ আল বুখারী: ৫০২; সহীহ মুসলিম: ৫০৯; তাবারানী: ৬২৯৯; সুনান বাইহাকী: ২/২৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬৩৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90976

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন